

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট  
৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা  
প্রোজেক্ট এন্ড সোস্যাল সার্ভিসেস ডিভিশন  
www.bim.gov.bd

দৃষ্টি আকর্ষণ  
সীমিত

স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০১৩.৩৩.০১০.১৮.৩০

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৫

১৯ নভেম্বর ২০১৮

বিষয়: আগামী ০২ - ১৩ ডিসেম্বর, ২০১৮ইং তারিখ মেয়াদে ২ সপ্তাহব্যাপী “Online Office Management (12th Batch)” শীর্ষক কোর্সের মনোনয়ন প্রদান প্রসংগে।

মহোদয়,

আধুনিক প্রযুক্তি নির্ভর দক্ষ জনবল তৈরির লক্ষ্যে বিআইএম, ঢাকা আগামী ০২ - ১৩ ডিসেম্বর, ২০১৮ইং তারিখ মেয়াদে বিকাল ০৫:০০টা - রাত ০৯:৩০টা পর্যন্ত ২ সপ্তাহব্যাপী “Online Office Management (12th Batch)” শীর্ষক কোর্সের আয়োজন করেছে। কোর্সটিতে অফিস পরিচালনার জন্য গুগল ও অন্যান্য ক্লাউড সার্ভিসের ব্যবহার সম্পর্কে সার্বিক ধারণা প্রদান করা হবে, যাতে প্রশিক্ষণ শেষে তারা যে কোন সময় ও স্থান থেকে কম্পিউটার/ল্যাপটপ/ট্যাব/মোবাইল ইত্যাদির মাধ্যমে একই তথ্য ব্যবহার করে অফিস পরিচালনা করতে পারে। কোর্স ফি ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা (ভ্যাট এবং ট্যাক্স ব্যতিত)। ক্রসড চেক/পে অর্ডারের মাধ্যমে মহাপরিচালক, বিআইএম বরাবর পরিশোধ করতে হবে। এতদসঙ্গে কোর্স ব্রশিয়র সংযুক্ত।

উপরোক্ত কোর্সে আপনাদের মন্ত্রণালয়/দপ্তর/প্রতিষ্ঠান হতে তথ্য-প্রযুক্তি ব্যবহারকারী কর্মকর্তা মনোনয়ন প্রদানের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো। উক্ত কোর্সের মনোনীত অংশগ্রহণকারীগণদের মোবাইল নম্বর ও ইমেইলসহ তালিকা প্রদান করলে অনলাইন রেজিস্ট্রেশন সহ পরবর্তি কার্যক্রম গ্রহণ করা হবে।



১৯-১১-২০ ১৮

এস এম আরিফুল ইসলাম  
উর্দ্ধতন ব্যবস্থাপনা উপদেষ্টা

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)